

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিচালক (আইএমডি) এর দপ্তর

তারিখ :-

- সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিনিয়র সিস্টেম এনালিস্ট (৫৪ দাঃ)
- সিস্টেম এনালিস্ট
- প্রোগ্রামার-১
- মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
- প্রোগ্রামার-২
- সহঃ প্রোগ্রামার-১
- সহঃ প্রোগ্রামার-২
- সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-১
- সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-২

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.১৪১.১৯- ১২৫/১০

পরিচালক (আইএমডি)

মোঃ ফাসিউল্লাহ
১৪/১০/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd



তারিখ: ১৪/১০/২০২০
০৫ অক্টোবর ২০২০

আদেশ

যেহেতু, জনাব মো: শামসুদ্দিন সরকার, উচ্চমান সহকারী, পিটিআই, রংপুর সাবেক উচ্চমান সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ঠাকুরগাঁও কর্মকালীন ওখানকার স্থানীয় বাসিন্দা হওয়ায় অফিসে প্রভাব বিস্তার, অফিসের তথ্য ফাঁস ও অফিসের কাজকর্মে প্রতিবন্ধকতা সৃষ্টি করা, অনিয়মিতভাবে অফিসে আসা-যাওয়া, হয়রানীমূলক কাজ করা এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সাথে খারাপ আচরণ করার অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে গত ০২/১২/২০২০ খ্রি: তারিখে বিভাগীয় মামলা ৩য় শ্রেণী বিমা-১২/১৯/৩১৯ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী ০৮/১২/২০১৯ খ্রি: তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ২০/০২/২০২০ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি, সুপারিনটেনডেন্ট, পিটিআই, রংপুর-এর মতামত ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীভাবে প্রমাণিত না হওয়ায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মো: শামসুদ্দিন সরকার, উচ্চমান সহকারী, পিটিআই, রংপুর (সাবেক উচ্চমান সহকারী, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ঠাকুরগাঁও)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২) (ক) বিধি মোতাবেক বিভাগীয় মামলা থেকে অব্যাহতি প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ ফাসিউল্লাহ
১৪/১০/২০২০

(মোঃ ফাসিউল্লাহ)

মহাপরিচালক

১৪

তারিখ: ১৪/১০/২০২০
০৫ অক্টোবর ২০২০

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.১৪১.১৯- ১২৫/১০ (৮)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আদেশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩. উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৫. সুপারিনটেনডেন্ট, পিটিআই, রংপুর।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
৭. জনাব মো: শামসুদ্দিন সরকার, উচ্চমান সহকারী, পিটিআই, রংপুর (সাবেক উচ্চমান সহকারী, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ঠাকুরগাঁও)।
৮. সংরক্ষণ নথি।

সৈয়দা মাহফুজা বেগম
১৪.১০.২০২০

(সৈয়দা মাহফুজা বেগম)

সহকারী পরিচালক

তদন্ত ও শৃঙ্খলা শাখা

ফোন: ৫৫০৭৪৮৮০